



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা
www.bmeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০১০.২৩.৮০৭১

১৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালন প্রসঙ্গে

- সূত্র: (০১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.২৭.০০৯.২৩.৮০৫৩, তারিখ: ১১-০১-২০২৪খ্রি.
(০২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়ের স্মারক নম্বর: ৩৭.০২.৬১৩১.০০১.১৬.০০২.২৪.১০১, তারিখ: ২৭-০৩-২০২৪খ্রি.
(০৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের স্মারক নম্বর: ০৫.৪৫.৬১৩১.০০২.০১.০০৯.২৪.১৮৩, তারিখ: ৩০-০৩-২০২৪খ্রি.
(০৪) জেলা প্রশাসকের কার্যালয়ের স্মারক নম্বর: ০৫.৪৫.৬১০০.০২৩.১০.০০৩.১৯.২৯৭, তারিখ: ২২ এপ্রিল ২০২৪খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলাধীন রাউলেরচর দাখিল মাদ্রাসার (ইআইআইএন:১১১৮০২) ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ ছাইদুল ইসলাম এর বিরুদ্ধে বিভিন্ন আর্থিক অনিয়মের অভিযোগের বিষয়ে তদন্তের জন্য সূত্রোক্ত ০১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহকে পত্র দেয়া হয়। উপজেলা নির্বাহী অফিসার ভারপ্রাপ্ত সুপার নিয়ে উদ্ভূত জটিলতা নিরসন ও বেতন ভাতা প্রদানের বিষয়ে তদন্তের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে দায়িত্ব প্রদান করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তদন্তপূর্বক একটি প্রতিবেদন সূত্রোক্ত ০২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রেরণ করেন। উপজেলা নির্বাহী অফিসার প্রতিবেদনটি সূত্রোক্ত ০৩নং স্মারকে জেলা প্রশাসক মহোদয়ের নিকট অগ্রায়ন করেন। জেলা প্রশাসক মহোদয় প্রতিবেদনের আলোকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সূত্রোক্ত ০৪নং স্মারকে প্রতিবেদনটি বোর্ড প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন, বোর্ডের নথি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক তদন্ত প্রতিবেদনে ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ ছাইদুল ইসলামের বিরুদ্ধে বিভিন্ন আর্থিক অনিয়মের কথা উল্লেখ করেছেন এবং কর্তৃপক্ষকে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন। কিন্তু প্রতিবেদনটি অত্র বোর্ডে আসার পূর্বেই এবং বোর্ড কর্তৃপক্ষের কোন প্রকার নির্দেশনা ব্যতিরেকে ভারপ্রাপ্ত সুপারকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়ে ১১/০৩/২০২৪খ্রি. তারিখ এডহক কমিটির সভাপতি ভারপ্রাপ্ত সুপারকে সাময়িক বরখাস্ত করেন, যাহা বিধি সম্মত হয়নি।

২। ভারপ্রাপ্ত সুপারের বিরুদ্ধে অভিযোগের বিষয়টি এডহক কমিটির সভাপতি জনাব মোঃ সরজুল ভূইয়ার দায়িত্ব কালীন সময়ের হওয়ায় উক্ত অর্থ অনিয়মের বিষয়টি তৎকালীন সভাপতি জনাব মোঃ সরজুল ভূইয়ার উপরেও বর্তায়। তাছাড়া এডহক কমিটির অভিভাবক সদস্য জনাব মোঃ জালাল উদ্দিন ভারপ্রাপ্ত সুপারকে বরখাস্তের পূর্বেই পদত্যাগ করেছেন। সুতরাং ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ ছাইদুল ইসলামকে সাময়িক বরখাস্ত করার বিষয়টি কমিটির মেজরিটির সিদ্ধান্ত ছিল না, যা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৩৯(৪) মোতাবেক হয়নি।

৩। বর্ধিত অবস্থায়, ভারপ্রাপ্ত সুপার জনাব মোঃ ছাইদুল ইসলাম-এর সাময়িক বরখাস্তকরণ প্রক্রিয়া বিধিসম্মত না হওয়া পত্রজারীর পর থেকে জনাব মোঃ ছাইদুল ইসলাম ভারপ্রাপ্ত সুপার হিসেবে দায়িত্ব পালন করবেন মর্মে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হলো।



২৯-০৫-২০২৪
প্রফেসর মোহাম্মদ মাহবুব হাসান
রেজিস্ট্রার (রুটিন দায়িত্ব)
০২-৯৬১২৮৫৮ (ফোন)
০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)
info@bmeb.gov.bd

জনাব মোঃ ছাইদুল ইসলাম, সুপার (ভারপ্রাপ্ত), রাউলেরচর দাখিল মাদ্রাসা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০১০.২৩.৮০৭১/১(৮)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
২৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর;
- ২। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস);
- ৩। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
- ৪। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ময়মনসিংহ;
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ;
- ৭। ম্যানেজার, সোনালী/রূপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:..... শাখা, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ এবং
- ৮। পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



২৯-০৫-২০২৪
মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার